

## সংবাদ বিজ্ঞপ্তি

### দুঃস্থ ও অস্বচ্ছল ক্রীড়াবিদদের জন্য আর্থিক অনুদান

ঢাকা ২৮ মে, ২০১৮ ঃ

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর তহবিল থেকে ২০১৬-১৭ অর্থবছরে আর্থিকভাবে অস্বচ্ছল দেশের ৬৪৫ জন ক্রীড়াবিদ/ক্রীড়াসংগঠককে ১৫ হাজার টাকা করে এককালীন অনুদান প্রদান করা হবে।

উল্লেখ্য যে, ফাউন্ডেশন হতে ২০১৬-১৭ অর্থ বছরের এককালীন অনুদানের জন্য এবারই প্রথম অনলাইনে আবেদন আহ্বান করা হয়। মোট ১৭৩৩ জন অনলাইনে আবেদন করেন। তন্মধ্যে বিভিন্ন জেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাইক্রমে ৫০৭ জনের আবেদন সুপারিশ সহ ফাউন্ডেশনে প্রেরণ করা হয়। প্রাপ্ত আবেদন সমূহ থেকে যোগ্যতা নির্ধারণ কমিটি কর্তৃক যাচাই-বাছাইক্রমে ৬৪৫ জন ক্রীড়াসেবী ও তাঁদের পরিবারকে অনুদান প্রদানের জন্য অনুমোদন দেওয়া হয়।

আজ যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এর সভাপতিত্বে ক্রীড়া পরিষদের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের নবম বোর্ড সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক দুঃস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের জন্য কল্যাণমূলক কার্যক্রম গ্রহণের নিমিত্তে একটি নীতিমালা হালনাগাদকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত নীতিমালার আওতায় বিশিষ্ট নবীন ক্রীড়াবিদদের উচ্চ শিক্ষার্থে বৃত্তি প্রদান, অসুস্থ ক্রীড়াবিদদের চিকিৎসার্থে অর্থ সাহায্য ইত্যাদি কল্যানমুখি কার্যক্রম গ্রহন করা হবে। এছাড়া ফাউন্ডেশনের কার্যক্রম আরো বৃদ্ধিকরণসহ ফাউন্ডেশনের জন্য নতুন করে কর্মকর্তা কর্মচারীর পদ সৃজন ও সাংগঠনিক কাঠামো অনুমোদন দেয়া হয়।

বর্তমানে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর মূলধন ৭ কোটি ৮৫ লক্ষ টাকা। মূলধন হতে প্রাপ্ত মুনাফা দ্বারা দেশের ক্রীড়াঙ্গণে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছেন এমন দুঃস্থ, অসমর্থ, অস্বচ্ছল বিশিষ্ট ক্রীড়াবিদ/ক্রীড়া সংগঠকের মধ্যে এককালীন অনুদান প্রদান করা হয়।

সভায় যুব ও ক্রীড়া সচিব মোঃ আসাদুল ইসলাম, বিশিষ্ট ক্রীড়া সংগঠক বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহ-সভাপতি বাদল রায় এবং বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের সচিব আনিস মাহমুদ সহ ফাউন্ডেশনের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



মোঃ শফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।